BCC&I

THE BENGAL CHAMBER

# Union Budget 2021

**Date: 1st February 2021**

# MEDIA DOSSIER

PRINT MEDIA: BARTAMAN, AAJKAAL , EISAMAY. PRABHAT KHABAR,

ELECTRONIC MEDIA: ABP ANANDA, DOORDARSHAN,  24 GHANTA, NEWS 18 BANGLA, ANI,

KOLKATA TV, CHANNEL 10, NEWSTIME BANGLA

ONLINE MEDIA: DEVDISCOURSE.COM

# Union Budget- 2021

**1st February 2021**

| Publication: Ei Samay | Date: 02.02.2021 |
| --- | --- |
| Edition: Kolkata | Page: 3 |

এই সময়
সংবাদপত্র
এই সময় কলকাতা মঙ্গলবার ২ ফেব্রুয়ারি ২০২১

বাজেট  ২০২১

# ১৩৭% বেশি বরাদ্দই স্বাস্থ্যে রুপোলি রেখা

এই সময়: টাকার অঙ্কটা সত্যিই বিশাল— ২,২৩,৮৪৬ কোটি। কেন্দ্রীয় বাজেটে বিগত বছরের তুলনায় স্বাস্থ্য খাতে এই ১৩৭% বরাদ্দ বৃদ্ধি স্মরণকালে বেনজির। যদিও করোনা-বর্ষের শেষে যে তা প্রত্যাশিত ছিলই দেশবাসীর কাছে, তাতে সন্দেহ নেই। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সোমবার বাজেট পেশ করতে গিয়ে স্বাস্থ্যকেই তাঁর বাজেটের প্রথম স্তম্ভ হিসেবে তুলে ধরেন। নজিরবিহীন ভাবে বিপুল পরিমাণ অর্থ বরাদ্দের প্রস্তাব দেন মূলত স্বাস্থ্য-পরিকাঠামোয় আত্মনির্ভরতা হাসিলের লক্ষ্যে। করোনাকালের গোড়ায় দেশের স্বাস্থ্য ব্যবস্থার প্রাথমিক বেহাল অবস্থা উপলব্ধি করার পরেই এহেন সিদ্ধান্ত বলে মনে করছে ওয়াকিবহাল মহল।

ফলে বিশেষজ্ঞ থেকে চিকিৎসক মহল কিংবা বেসরকারি স্বাস্থ্যকর্তা — কমবেশি সকলেই মনে করছেন, এতে সরকারি স্বাস্থ্য পরিষেবা তো বটেই, বেসরকারি স্বাস্থ্য ক্ষেত্রেরও অভূতপূর্ব সম্প্রসারণ ঘটবে। যদিও বিশেষজ্ঞদের কেউ কেউ এই স্বাস্থ্য-বাজেটকে 'আই-ওয়াশ' আখ্যা দিয়ে জানাচ্ছেন, বাস্তবে স্বাস্থ্য মন্ত্রকের বরাদ্দ গত বছরের (৮৫,২৫১ কোটি টাকা) তুলনাতেও কমে গিয়েছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ অমিতাভ সরকারের ব্যাখ্যা, '২.২৩ লক্ষ কোটির মধ্যে আদতে সেঁধিয়ে রয়েছে পানীয় জল, নিকাশি, পুষ্টির মতো বিষয়ও। আখেরে স্বাস্থ্য মন্ত্রকের জন্য এ বারের বরাদ্দ ৭৬ হাজার কোটি টাকার কিছু বেশি। অর্থাৎ, গত অর্থবর্ষের তুলনায় তা ১১% কম।'

তাঁরা এমনটা বললেও, স্বাস্থ্য ক্ষেত্রের সিংহভাগ লোকই বাজেট নিয়ে ইতিবাচক কথা বলছেন। তাঁদের বক্তব্য, সামগ্রিক ভাবে স্বাস্থ্য বলতে যা বোঝায়, পানীয় জল, পুষ্টি, নিকাশি ইত্যাদি তার অঙ্গাঙ্গী অংশ। সব মিলিয়েও অঙ্কটা যদি সওয়া দু' লক্ষ কোটি হয়, তাতে লাভই হবে দেশবাসীর। কেননা, প্রধানমন্ত্রী আত্মনির্ভর স্বাস্থ্য ভারত যোজনা প্রকল্পেই ৬৪,১৮০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। তবে শুধু আসন্ন অর্থবর্ষের জন্য নয়, আগামী ছ' বছরের জন্য। তাতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পাশাপাশি মহকুমা ও জেলাস্তর এবং মেডিক্যাল কলেজ স্তরের টার্শিয়ারি কেয়ার পরিষেবারও ব্যাপক উন্নয়ন করা হবে। ২০টি বড় শহরে জাতীয় স্তরের হাসপাতাল যেমন গড়া হবে, একেবারে জেলাস্তরে তেমনই আবার নতুন অসুখের চিকিৎসা ও বায়ো-সেফটি ল্যাব-সহ রোগনির্ণয় পরিকাঠামো গড়া হবে। গ্রামে ১৭ হাজার ও শহরে ১১ হাজার ওয়েলনেস সেন্টারও তৈরি হবে এর আওতায়।



স্বাস্থ্য

দেশে চারটি ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি এবং ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল তৈরির পরিকল্পনার কথাও বাজেটে উল্লেখ করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। কোভিড ভ্যাকসিন খাতেও ৩৫ হাজার কোটি টাকা বরাদ্দ করেন তিনি। যদিও এই টাকায় তামাম দেশবাসীর টিকাকরণ সম্ভব কিনা, তা নিয়ে সন্দিহান বিশেষজ্ঞরা। এতগুলি পরিকল্পনার বাস্তবায়ন কেমন হয়, তা দেখতেও আগ্রহী সকলে।

বণিকসভা ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ফিকি) হেলথ সার্ভিস কমিটির চেয়ার তথা মেডিকা হাসপাতাল গোষ্ঠীর চেয়ারম্যান অলোক রায় অবশ্য করোনাকালের এই বাজেটকে 'স্বাস্থ্যের জন্য আশীর্বাদ' আখ্যা দিচ্ছেন সরাসরি। অ্যাপোলো হাসপাতাল গোষ্ঠীর চেয়ারম্যান প্রতাপ সি রেড্ডি কিংবা অ্যাসোসিয়েশন অফ হসপিটালস অফ ইস্টার্ন ইন্ডিয়ার সভাপতি তথা আমরি হাসপাতাল গোষ্ঠীর সিইও রূপক বরুয়ারা মনে করেন, এমন একটা বাজেট যে জরুরি ছিল, করোনাকালের ঘাটতিগুলো তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে। অর্থনীতির অধ্যাপক অজিতাভ রায়চৌধুরীর কথায়, 'আয়করে ছাড় হয়তো মেলেনি, কিন্তু স্বাস্থ্যখাতে এই বিপুল বিনিয়োগ কি কম প্রাপ্তি? কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যই যেখানে প্রধান চিন্তার বিষয়, সেখানে স্বাস্থ্যখাতে বিপুল বিনিয়োগ মানুষকে ভরসা জোগাবে।'

বণিকসভা দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পরিচালন পর্ষদের সদস্য তথা উডল্যান্ডস হাসপাতালের সিইও রূপালি বসু বলেন, 'স্বাস্থ্যের উপর যে এমন বড় ফোকাস রাখা হয়েছে, তা সত্যিই অভিনব।' তাঁর মতে, জিডিপি-র ২% ছুঁইছুঁই বরাদ্দ আগে দেখা গিয়েছে বলে মনে পড়ে না। সবচেয়ে বড় কথা, চিকিৎসা ক্ষেত্রের তিনটি মূল বিষয় প্রিভেন্টিভ, কিউরেটিভ এবং ওয়েলনেসকেই রাখা হয়েছে পরিকাঠামো সম্প্রসারণের আওতায়। এবং তা একেবারে জেলাস্তর পর্যন্ত। রূপালির কথায়, 'এতে সরকারি ও বেসরকারি ক্ষেত্র, উভয়েই উপকৃত হবে।'

# Union Budget- 2021

**1st February 2021**

| Publication: Bartaman | Date: 02.02.2021 |
|---|---|
| Edition: Kolkata | Page: 6 |

019..........6,97,733
9..........6,35,296

ইন্টারনেট সংস্করণ: http//w

বর্তমান

মঙ্গলবার ২ ফেব্রুয়ারি ২০২১, ১৯ মাঘ ১৪২৭

# কেন্দ্রীয় বাজেটের পিঠ চাপড়ে দিল শিল্পমহল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** সোমবার সংসদে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন যে বাজেট পেশ করলেন, তাতে মোটের উপর খুশি শিল্পমহল। শিল্পকর্তাদের বক্তব্য, কেন্দ্রের বাজেট প্রস্তাব বাজারে নগদ টাকার জোগানে সাহায্য করবে। তাতে চাঙ্গা হবে অর্থনীতি।

আইটিসি লিমিটেডের সিএমডি সঞ্জীব পুরী বলেন, এই বাজেট বৃদ্ধির দিশা দেখাবে। শিল্পসংস্থাগুলিকে প্রতিযোগিতার বাজারে এগিয়ে যেতে সাহায্য করবে। যেভাবে পরিকাঠামো খাতে জোর দেওয়া হয়েছে, তা জীবনযাত্রার মান উন্নত করবে। কৃষিভিত্তিক অর্থনীতি জোরদার হবে। কৃষকের আয় বাড়বে। অন্যদিকে, অম্বুজা নেওটিয়ার চেয়ারম্যান হর্ষ নেওটিয়ার কথায়, এটি এমন একটি ভারসাম্যের বাজেট, যা কর-বান্ধব। আয়ত্তের মধ্যে বাড়ি বা অ্যাফোর্ডেবল হাউজিংয়ের উপর সরকার যেভাবে নজর দিয়েছে, তা অত্যন্ত প্রশংসনীয়। অন্যদিকে বিলগ্নিকরণ, আবাসন এবং পরিকাঠামো নিয়ে সরকারের ঘোষণা আরও বেশি করে শিল্পমহলকে চাঙ্গা করবে। ইমামি গ্রুপের ডিরেক্টর আদিত্য আগরওয়াল বলেন, যেভাবে আর্থিক সংস্কারের পথে বারেবারে এগচ্ছে কেন্দ্র, যেভাবে ডিজিটাল লেনদেনে উৎসাহ দেওয়া সহ একাধিক পদক্ষেপ করা হয়েছে, তা সহজে শিল্প গড়তে সাহায্য করবে। বন্ধন ব্যাঙ্কের এমডি এবং সিইও চন্দ্রশেখর ঘোষ বলেন, সরকার খরচ করার দিকে বিশেষ গুরুত্ব দিয়েছে। তাঁদের আশা, এতে আর্থিক ঘাটতিতে লাগাম দেওয়া যাবে ধাপে ধাপে। যেভাবে পরিকাঠামো ও স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে, তা অর্থনীতিকে চাঙ্গা করবে। ছোট শিল্প বাড়বে। তাতে বাড়বে কর্মসংস্থানও।

বাজেট নিয়ে উচ্ছ্বসিত বণিকসভাগুলিও। ইন্ডিয়ান চেম্বার অব কমার্সের কথায়, এটি ঐতিহাসিক বাজেট। মূলধনী ব্যয়, অর্থাৎ দীর্ঘমেয়াদি খরচ বাড়ানো হয়েছে ৩৪.৫ শতাংশ, যা অত্যন্ত বলিষ্ঠ পদক্ষেপ। মার্চেন্টস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ঋষভ কোঠারি বলেন, গত এক বছর ধরে সরকার যে পদক্ষেপ করেছিল, তা আসলে ছিল জোগান বাড়ানোর উদ্দেশ্যে। এবার বাজেটে চাহিদা বাড়ানোর উদ্যোগ নেওয়া হল। তাই এটি ভারসাম্যের বাজেট। সরকার যে ১.৭৫ লক্ষ কোটি টাকার বিলগ্নিকরণের কথা ঘোষণা করেছে, তাও অর্থনীতিকে চাঙ্গা করবে। বণিকসভা অ্যাসোচেমের কথায়, কেন্দ্রের নীতি খুব স্পষ্ট। তারা পরিকাঠামোয় খরচ বাড়াতে চলেছে, যাতে আগামী অর্থবর্ষে দু'সংখ্যার বৃদ্ধির মুখ দেখা যায়। ভারত চেম্বার অব কমার্সের সভাপতি রমেশকুমার সারোগির বক্তব্য, বেশ কিছু উদ্যোগ নেওয়া হয়েছে এই বাজেটে, যা অত্যন্ত প্রশংসাযোগ্য। বাংলার রাস্তার জন্য যে প্রকল্প ঘোষণা করা হয়েছে, তা সাধুবাদযোগ্য। তবে বেসরকারি শিল্পের জন্য কোনও উৎসাহমূলক ঘোষণা থাকলে ভালো হতো। 'আত্মনির্ভর ভারত' গড়তে যে উদ্যোগ নেওয়া হয়েছে, তাকে সমৃদ্ধ করবে এই বাজেট, মত বেঙ্গল চেম্বারের। তাদের কথায়, আমদানি শুল্ক কমানোর পদক্ষেপ একটি বড় সিদ্ধান্ত, তা দেশীয় সংস্থাগুলিকে চাঙ্গা করবে।

# Union Budget- 2021

**1st February 2021**

| Publication: Aajkaal | Date: 02.02.2021 |
|---|---|
| Edition: Kolkata | Page: 5 |

আজকাল
৫
কলকাতা মঙ্গলবার ২ ফেব্রুয়ারি ২০২১

# প্রস্তাব বাস্তবে করে দেখাতে হবে, বলছে বণিকসভাগুলো

আজকালের প্রতিবেদন

স্বাস্থ্য, রিয়েল এস্টেট–সহ বিভিন্ন খাতে উৎসাহমূলক যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা বাস্তবে পরিণত করতে হবে। এমনটাই বলছে বণিকসভাগুলো।

বন্ধন ব্যাঙ্কের সিইও এবং ম্যানেজিং ডিরেক্টর চন্দ্রশেখর ঘোষ জানিয়েছেন, 'অর্থনীতিতে গতি আনতে স্বাস্থ্য ও পরিকাঠামোয় যে বিনিয়োগের কথা বলা হয়েছে তা অর্থনীতিতে গতি আনবে। ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ বাড়াবে।'

প্যাটন ইন্টারন্যাশনাল লিমিটেডের এমডি সঞ্জয় বুধিয়া বলেছেন, 'কাঁচামালের আমদানি শুল্ক ক্ষেত্রে যে ছাড় দেওয়ার কথা বলা হয়েছে, তা রপ্তানির ক্ষেত্রে গতি আনতে পারে।'

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এমডি এবং সিইও এস এস মল্লিকার্জুনা রাও বলেছেন, 'দেশের অর্থনীতিকে গতি দিতে বিমা ক্ষেত্রে বিদেশি বিনিয়োগের সীমা বাড়ানো সঠিক উদ্যোগ।'

শিল্পের জন্য ভাল বলেছেন, বিসিসি অ্যান্ড আই–এর প্রেসিডেন্ট দেব এ মুখার্জি, ক্যালকাটা চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট রাজীব মাহেশ্বরী, সিআইআই–এর ডিরেক্টর জেনারেল চন্দ্রজিৎ ব্যানার্জি, ভারত চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট রমেশ কুমার সারোগী, আইটিসি–র চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর সঞ্জীব পুরি, আর্সেলর মিত্তাল নিপ্পন স্টিল ইন্ডিয়ার সিইও দিলীপ ওম্মেন, ফেডারেশন অফ অটোমোবাইল ডিলার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ভিঙ্কেশ গুলাটি, আইসিসি–র প্রেসিডেন্ট ভিকেশ আগরওয়াল। স্বাগত জানিয়েছেন, আইসিআইসিআই ল্যাম্বার্ড জেনারেল ইনসিওরেন্সের সিইও ভার্গব দাশগুপ্ত, সেঞ্চুরি প্লাই–এর এগজিকিউটিভ ডিরেক্টর কেশব বাজুঙ্কা।

স্বাস্থ্য ক্ষেত্রের জন্য ভাল পদক্ষেপ বলেছেন, অ্যাপোলো হসপিটালস গ্রুপ–এর চেয়ারম্যান ডাঃ প্রতাপ রেড্ডি, সি কে বিড়লা হসপিটালস (সিএমআরআই এবং বিএমবি)–এর পক্ষে সিওও ডাঃ সিম্মারদীপ গিল, আমরি হসপিটালস–এর গ্রুপ সিইও রূপক বড়ুয়া, মেডিকা গ্রুপ অফ হসপিটালস–এর চেয়ারম্যান ডাঃ অলোক রায়।

নতুন বাজেটে আবাসন শিল্পে গতি আসার সম্ভাবনার কথা বলেছেন, মার্লিন গ্রুপ–এর প্রেসিডেন্ট সুশীল মোহতা, ইডেন রিয়েলটির ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত, বেঙ্গল পিয়ারলেস হাউজিং ডেভলপমেন্ট কোম্পানির সিইও কেতন দাশগুপ্ত, জৈন গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর রিষি জৈন, সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচার–এর সিএমও অভিষেক ভরদ্বাজ, প্রুডেন্ট ইনফ্রারিয়েলটি প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর রবি খৈতান।

# Union Budget- 2021

1st February 2021

| Publication: Prabhat Khabar | Date: 02.02.2021 |
|---|---|
| Edition: Kolkata | Page: 6 |

कोलकाता, मंगलवार 02.02.2021 प्रभात खबर


## लचर इकोनॉमी में सुधार पर नजर



कोरोना महामारी से पूरा विश्व त्राहिमाम कर रहा है. इसके कारण देश की अर्थव्यवस्था बेपटरी हो गयी है. कोरोना वायरस के कारण मुश्किल दौर से गुजर रही अर्थव्यवस्था में इस बजट से सुधार की उम्मीद है. किसानों की आय को दोगुना करने का लक्ष्य है. शहरी, ग्रामीण स्वच्छता के लिए सरकार ने बजट में प्रावधान किये हैं. स्वच्छ हवा के लिए भी सरकार का पिटारा खोला गया है. सरकार ने राष्ट्रीय रेल योजना 2030 तैयार करने का प्रावधान किया है. कई सरकारी कंपनियों में विनिवेश का भी एलान किया गया. 2021-22 में स्वास्थ्य का बजट 2.23 लाख करोड़ रुपये है. केंद्रीय वित्त मंत्री ने बताया कि इसमें 137 फीसदी की बढ़ोतरी की गयी है. सरकार का सोने व चांदी से कस्टम ड्यूटी घटा कर आधारभूत ढांचे में सुधार पर जोर है. बंगाल चेंबर केंद्र के इस बजट को 10 में सात नंबर देता है.

**देव ए मुखर्जी**, अध्यक्ष बंगाल चेंबर ऑफ कॉमर्स एंड इंडस्ट्री.

## गो डिजिटल का संदेश

केंद्रीय बजट 2021 में एक अंतर्निहित संदेश है गो डिजिटल. डिजिटलीकरण सरकार की प्राथमिकता रही है जो भारत की अर्थव्यवस्था के समग्र विकास को बढ़ावा देगा और समग्र विकास परिदृश्य को बढ़ाएगा.

**रंजन गोयनका**, संस्थापक और एमडी, पीडीएस इन्फोटेक

## जेम एंड ज्वेलरी सेक्टर के लिए अच्छा



तस्करी रोकने के लिए सरकार की ओर से शुल्क घटाना एक अच्छा कदम है. इससे सेक्टर और संगठित होगा. सेबी की जिम्मेदारी है कि वह बुलियन एक्सचेंज को लागू करे, ताकि जेम एंड ज्वेलरी सेक्टर को संगठित होने में मदद मिल सके.

**शुभंकर सेन**, सीइओ, सेनको गोल्ड एंड डायमंड्स

## स्वास्थ्य सेक्टर के लिए खास

बजट 2021-22 में कोरोना वैक्सीन के विकास के लिए 35,000 करोड़ रुपये के फंड का ऐलान किया गया है. इस फंड का इस्तेमाल देश में कोरोना की वैक्सीन का विकास, वितरण और टीकाकरण करने में किया जायेगा. सरकार देश के हर व्यक्ति को टीका लगाना चाह रही है. जो सरकार के इस बजट से संभव है. स्वास्थ्य का बजट 94 हजार करोड़ से बढ़ाकर 2.23 लाख करोड़ किया गया है. देशभर में 75 हजार हेल्थ सेंटर्स बनाये जायेंगे और 17 नये पब्लिक हेल्थ यूनिट शुरू होंगे. 7 बायो सेफ्टी स्तर के 3 लैब, वायरोलॉजी लैब का भी गठन करने की घोषणा की है और 15 हेल्थ इमरजेंसी सेंटर और 2 मोबाइल अस्पताल की शुरुआत की बात कही है. इसके साथ डब्ल्यूएचओ का दफ्तर भारत में भी खोला जायेगा.

**रूपाली बसु**, सीइओ, वुडलैंड्स हॉस्पिटल कोलकाता

## सामाजिक व आर्थिक दृष्टि से संतुलित

राष्ट्र को देश की सामाजिक और आर्थिक प्राथमिकताओं को संतुलित करनेवाले बजट की उम्मीद थी और केंद्रीय बजट 2021 इसकी उम्मीदों पर खरा उतरा. आत्मनिर्भर भारत के निर्माण पर विशेष ध्यान देने के साथ, विशेष रूप से ग्रामीण भारत के लिए बुनियादी ढांचे के निर्माण के लिए महत्वपूर्ण आवंटन हैं.

**हर्ष वी अग्रवाल**, निदेशक, ईमामी

## महंगाई बढ़ानेवाला बजट



2021-22 का आम बजट में पेट्रोल पर प्रति लीटर 2.5 रुपये और डीजल पर प्रति लीटर 4 रुपये उपकर (सेस) लगाने की घोषणा की गयी है. पेट्रोल व डीजल के दाम पहले ही सबसे ऊंचे चल रहे हैं. पेट्रोल पर 2.5 रुपये प्रति लीटर और डीजल पर 4 रुपये प्रति लीटर का फार्म इन्फ्रास्ट्रक्चर एंड डेवलपमेंट सेस (एसआईडीसी) लगाने का प्रस्ताव है. इससे महंगाई बढ़ने की आशंका है, क्योंकि डीजल महंगा होने से ट्रकों का भाड़ा बढ़ेगा. ईंधन की कीमतों में लगातार हो रही बढ़तरी से हम ट्रक चालकों की परेशानी बढ़ी है. लगता है कारोबार को बंद करने का समय आ गया है. खर्च बेहिसाब बढ़ रहे हैं और आमदनी नहीं है.

**सजल घोष**, महासचिव, फेडरेशन ऑफ वेस्ट बंगाल ट्रक ऑपरेटर्स एसोसिएशन.

## दूरदर्शी व विकासोन्मुखी बजट



यह एक दूरदर्शी और विकासोन्मुखी बजट है, जो भारत की प्रतिस्पर्धात्मकता के साथ-साथ समावेशी विकास को बढ़ावा देने के लिए और अधिक प्रोत्साहन प्रदान करता है. बढ़ा हुआ पूंजीगत व्यय, विशेष रूप से बुनियादी ढांचे पर, आजीविका का निर्माण करेगा. कृषि और ग्रामीण बुनियादी ढांचे के विकास पर बढ़े हुए खर्चों को कृषि आय बढ़ाने के लिए प्रतिस्पर्धी कृषि मूल्य श्रृंखला बनाने के उद्देश्य से व्यापक नीतिगत हस्तक्षेपों से जोड़ा गया है. ये अर्थव्यवस्था के लिए अच्छी तरह से वृद्धि करते हैं और एक पुण्य खपत-निवेश-रोजगार चक्र को प्रेरित करेंगे.

**संजीव पुरी**, चेयरमैन और प्रबंध निदेशक, आइटीसी लिमिटेड

## मध्यम वर्ग व खुदरा व्यापारी मायूस



आम बजट से मध्यम वर्ग व खुदरा व्यापार से जुड़े लोग निराश हैं. जिन क्षेत्रों में ज्यादा निवेश की घोषणा हुई है, उनमें इस वर्ग की भागीदारी नगण्य है. 13 विनिर्माण क्षेत्रों में अगले पांच सालों में 1.97 लाख करोड़ के उत्पादन प्रोत्साहन की घोषणा के पीछे रोजगार सृजन का लक्ष्य है, पर ध्यातव्य है कि संगठित क्षेत्र मात्र 10 प्रतिशत रोजगार पैदा करता है, जबकि 90 प्रतिशत रोजगार असंगठित क्षेत्र में होता है. इस दिशा में सरकार को विशेष दृष्टि देनी थी. निजीकरण की वकालत तो कई क्षेत्रों में की गयी है, पर उपभोक्ता की क्रयशक्ति बढ़ाने के उपाय सीमित होने से बाजार में नगदी की समस्या ज्यों की त्यों रहेगी. बाजारों की रौनक लौटाने पर ध्यान देना था.

**-सुशील पोद्दार**, अध्यक्ष, कन्फेडरेशन ऑफ वेस्ट बंगाल ट्रेड एसोसिएशंस

## सौर ऊर्जा के महत्व को पहचाना



बजट में रोजगार सृजन व अर्थव्यवस्था के उद्धार पर जोर है. केंद्र ने सौर ऊर्जा का महत्व पहचाना है. बजट में ऊर्जा क्षेत्र में 3.5 लाख करोड़ के नये निवेश का प्रस्ताव है. एक हजार करोड़ रुपये का निवेश सोलर एनर्जी कॉर्पोरेशन में और 1500 करोड़ रुपये का निवेश इंडियन रिन्यूएबल एनर्जी डेवलपमेंट एजेंसी में किया जायेगा. इससे वैकल्पिक ऊर्जा को बढ़ावा मिलेगा. भारत निम्न कार्बन अर्थव्यवस्था की ओर अग्रसर होगा.

**- ज्ञानेश चौधरी**, एमडी, विक्रम सोलर

## बजट उत्साहजनक



यह उत्साहजनक बजट है. इसमें समावेशीकरण व महामारी के बाद मजबूत आधार बनाने की दिशा में कदम उठाया गया है. आम आदमी को राहत और स्वास्थ्य की आधारभूत संरचना पर अधिक खर्च का जोर है. बजट के जरिये उद्योग जगत को सकारात्मक संदेश दिया गया है. यदि प्रस्तावों को समय पर लागू किया गया, तो अर्थव्यवस्था में तेजी से सुधार होगा.

**-आकाश शाह**, अध्यक्ष, मर्चेंट्स चेंबर ऑफ कॉमर्स एंड इंडस्ट्री

## अभूतपूर्व कदम



बजट में अभूतपूर्व कदम उठाये गये हैं. पहली बार पेपरलेस बजट पेश हुआ है. वरिष्ठ नागरिकों को राहत दी गयी. हालांकि मध्यमवर्ग की चिंताएं ईंधन पर एग्रो सेस लगने से बढ़ गयी हैं. तेल की कीमतें बढ़ने से आम लोगों पर महंगाई का बोझ पड़ेगा. हेल्थ सेक्टर में आवंटन बढ़ाया गया है, जो सही दिशा में उठा कदम है.

**-प्रियंका सुराना बरदिया**, निदेशक, आकाश आठ

## मांग बढ़ाने पर जोर



यह विकासशील बजट है. इसमें मांग बढ़ाने पर ध्यान दिया गया है. हेल्थकेयर के लिए जरूरी बुनियादी ढांचे के विकास पर जोर है. इससे स्वास्थ्य सेवा में सुधार आयेगा और लोग अच्छी चिकित्सीय सुविधाओं के लिए खर्च भी करेंगे. इस बजट का स्टॉक मार्केट पर भी सकारात्मक असर दिखेगा.

**-ऋषभ सी कोठारी**, निदेशक, सीकेसी फ्रेगरेंसेज

## स्वास्थ्य क्षेत्र को मिलेगी मजबूती

कोविड-19 देश के लिए अब तक सबसे बड़ा संकट है. इसने एक लचीली स्वास्थ्य सेवा संरचना के निर्माण के महत्व को रेखांकित किया. वित्त मंत्री ने स्वास्थ्य को पहला स्तंभ बताया है और प्राथमिक, प्राइमरी, सेकेंडरी द्वितीय और तृतीय स्तर की स्वास्थ्य सेवाओं को विकसित करने की उनकी घोषणाओं ने मेरे दिल को बहुत प्रसन्न किया. जो देश की चिकित्सा व्यवस्था को मजबूती प्रदान करेगा.

**डॉ प्रताप सी रेड्डी**, अध्यक्ष अपोलो हॉस्पिटल्स

https://www.devdiscourse.com/

# Money pumped into infra, health, agriculture; Bengal Inc hails Union budget

PTI | Kolkata | Updated: 01-02-2021 20:43 IST | Created: 01-02-2021 20:43 IST

Bengal Inc on Monday hailed theUnion budget saying that it has prioritised spending on growthand instilled faith that dawn is going to emerge on the Indianeconomy which is still in the darkness caused by the COVID-19pandemic.




It is a "sensitive budget" which has proposed to putmoney into healthcare, sanitation, infrastructure andagriculture, city-based industrialists said.

"In terms of the proposed investments in the socialsector and infrastructure sector, the budget has, indeed,instilled faith that dawn is going to emerge on the Indianeconomy, while we are still in darkness that was caused by thepandemic," Bharat Chamber of Commerce president Ramesh KumarSaraogi said.

The government has prioritised spending on growth atthis stage in the hope that such growth would help manage thefiscal deficit subsequently, Bandhan Bank MD & CEO ChandraSekhar Ghosh said.

"Overall, it was a growth-centric Budget aimed atsecuring India's long-term economic interest," Ghosh said.

CII Bengal chairman Abhijit Roy praised the budgetsaying that the push to infrastructure will offer a multiplierimpact for growth to several sectors such as steel, cement andpaint.

"In order to revive domestic economic activity underMake in India and Atmanirbhar Bharat Abhiyan, customs tariffhas been proposed to be rationalised, which will helpfacilitate export of value-added products from India," BengalChamber of Commerce and Industry President Deb A Mukherjeesaid.

According to Century Ply executive director KeshavBhajanka, this budget is a roadmap of how India will become a10 trillion economy in the next decade.

Chairman of Credai West Bengal and Merlin Group,Sushil Mohta, said, "We welcome the big picture of boostingthe FDI, ease of doing business on the tax administration andcompliance." "Union Budget 2021-22 is very well balanced & tax-friendly. Despite the huge fiscal deficit, the focus of thegovernment is clearly on spending on infrastructure,healthcare and key social programmes to revive the economy,"Ambuja Neotia group chairman Harshavardhan Neotia said.

Emami director Aditya Agarwal said, "As a part of thegovernments ongoing fiscal reforms, increased thrust ondigital transactions and compliance helping in greater ease indoing business will augur the

nation to the next level ofgrowth." Microfinance sector player Village Financial ServicesMD & CEO Kuldip Maity said that the budget has increasedoutlay on building healthcare institutions, roadinfrastructure and residential schools in tribal areas.

"This will lead to development of small businesses andself-employment and this growth oriented budget will lead tomore demand for microfinance," he said.

Bengal Peerless Housing CEO Ketan Sengupta expectingsaid that the real estate sector expected more sops.

"Though tax holiday for affordable housing projectshas been extended till March 31, 2022, limits on I.T.

exemption for housing loan under under section 24 (b) 80EEAhave remained unchanged.

"Stock in hand for developers after two years ofcompletion is considered as deemed demand and taxed undersection 23(5). A relaxation of the said section would havebeen a favourable outcome for real estate industry," Senguptasaid.

"The Aatmanirbhar Health Yojana in addition to theNational Health Mission with an outlay of Rs 64,180 crore oversix years is a welcome move towards strengthening primary,secondary and tertiary healthcare in the country," Chairman ofFICCI Health Committee and Medica Group of Hospitals Alok Roysaid.

(This story has not been edited by Devdiscourse staff and is auto-generated from a syndicated feed.)